



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ**  
বহরমপুর, রাজশাহী-৬০০০।

পরিদর্শনের তারিখঃ ১০.১২.২০২৪

পরিদর্শনকৃত আওতাধীন দপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর।

২০২৪-২০২৫ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ফোকাল পয়েন্ট কর্তৃক আওতাধীন দপ্তর পরিদর্শন সংক্রান্ত  
দ্বিতীয় প্রান্তিকের পরিদর্শন প্রতিবেদন

**[(১.২) ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ]**

মাঠ পর্যায়ে সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে ফোকাল পয়েন্ট হিসাবে নিম্নস্বাক্ষরকারী ১০.১২.২০২৪ ইং তারিখ বেলা প্রায় ১০:৩০ ঘটিকার সময় নাটোর রিজিয়ন, নাটোর দপ্তরে গমন করে। নাটোর রিজিয়নাল দপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মনিরুজ্জামান মনির এর সাথে সাক্ষাৎ এবং মত বিনিময় করা হয়। সেখানে সিটিজেন চার্টার বিষয়ে রিজিয়নাল ও তাঁর আওতাধীন জোনাল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আলোচনা করা হয়। আলোচনার এক পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন শাখা পরিদর্শন করা হয় এবং সিটিজেন চার্টার অনুযায়ী কাজ বাস্তবায়ন হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পরিদর্শন করা হয়। নাটোর রিজিয়ন দপ্তরের সিটিজেন চার্টার বিষয়ে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়। সিটিজেন চার্টারটি হালনাগাদ করে স্টেক হোল্ডার/উপকারভোগীদের সুবিধার জন্য দপ্তরের সম্মুখে টাংগানোর জন্য নির্বাহী প্রকৌশলী-কে পরামর্শ প্রদান করা হয়। নাটোর রিজিয়ন দপ্তরে অনুষ্ঠিত সভায় ও পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী-কে নিয়োক্ত বিষয়ে পরামর্শ/নির্দেশনা দেয়া হয়।

মন্তব্য/সুপারিশঃ

- ১। দ্বিতীয় প্রান্তিকে সভা করে সিটিজেন চার্টার আপডেট করতে হবে;
- ২। সিটিজেন চার্টারটি হালনাগাদ করে সেবা গ্রহণকারীগণ সহজে দেখতে পারে এমন স্থানে/অফিসের সম্মুখে টাংগানোর ব্যবস্থা নিতে হবে;
- ৩। প্রতি প্রান্তিকে কমিটি পুনর্গঠন করে পত্র জারী করতে হবে;
- ৪। নিয়মিত প্রান্তিক ভিত্তিক সিটিজেন চার্টার নিয়ে সভা করতে হবে;
- ৪। সিটিজেন চার্টার নিয়ে সভা শেষে প্রতিবেদন, সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (রেজুলেশন থাকতে হবে);
- ৫। সিদ্ধান্ত মোতাবেক কাজ বাস্তবায়ন করতে হবে এবং তা সঠিকভাবে হচ্ছে কিনা সে বিষয়ে মাঝে মাঝে পর্যবেক্ষণ করতে হবে;
- ৬। মাঠ পর্যায়ের (জোন দপ্তরের) সকল জোনের সিটিজেন চার্টার বিষয়ে তদারকী করতে হবে;
- ৭। সিটিজেন চার্টার হালনাগাদকরণ করে প্রতিবেদনসহ আগামী ২৯.১২.২০২৪ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(ড. মোঃ ইকবাল হোসেন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা)

বিএমডিএ, রাজশাহী

ও

ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার বাস্তবায়ন।